গাংনীতে কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য অধিকার বিষয়ে সহায়ক সভা অনুষ্ঠিত

গাংনীতে কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য অধিকার বিষয়ে সহায়ক শিক্ষকের সাথে ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে।

দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশের গাংনী এরিয়া অফিসের আয়োজনে আজ বুধবার (৩১ জানুয়ারি) দুপুরের দিকে দি জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের হলরুমে এই ফলোআপ সভা অনুষ্ঠিত হয়েছে।

ফলোআপ সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বহী অফিসার প্রীতম সাহা।

প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর যশোর আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম।

গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিনের এর সঞ্চালনায় অনুষ্ঠিত ফলোআপ মিটিং এ গাংনী উপজেলার ৪০ টি মাধ্যমিক বিদ্যালয়ের ৪০ জন সহায়ক শিক্ষক অংশ নেন।

এসব সহায়ক শিক্ষকবৃন্দ তাদের নিজ নিজ বিদ্যালয়ের কৈশোরকালীন ব্যবস্থাপনা উপস্থাপন করেন।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী ও বিপিএন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে ওয়াহেদুজ্জামান আসাদ প্রমুখ।

বক্তারা বলেন, বর্তমান সময়ে মোবাইল ফোন আসক্তির ফলে মাধ্যমিক বিদ্যালয় গুলোর ছাত্র ছাত্রীদের মধ্যে লেখা পড়ায় অমনোযোগীসহ বিভিন্ন ধরনের আচরণগত সমস্যা দেখা দিয়েছে। এ সকল সমস্যা সমাধানে করনীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পাশাপাশি প্রতিটি বিদ্যালয়ে কৈশোরকালীন ব্যবস্থাপনা জোরদার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।